

## ভাবলেশহীন

১

অপেক্ষায় ছিলাম ।  
অপেক্ষায় দীর্ঘকাল,  
কত কাল মনে নেই ।

দীর্ঘকাল অপেক্ষায় থেকে  
ভাবলাম - দেখলাম - বুঝলাম  
আমার প্রিয় মানবীর হেটে যাওয়া  
দাড়িয়ে থাকা,  
স্নিগ্ধ হাসিতে ঠায় মুগ্ধতা জড়ানো  
চাহনিতে আমার তাকানো ।

একদিন ফিরে তাকায় নারী  
আমার প্রিয় নারী ।  
মনে হয়,  
দেখলো - বুঝলো - জানলো  
আমি অপেক্ষায় আছি ।

ক্ষন ; হয়তঃ অনেক অপেক্ষা  
তবু ও আসলো না কাছে ।

২

অনেকদিন পর;  
একদিন কলিংবেল বাজাই  
নারী দরজা খোলে  
দরজা খোলে আমার প্রিয় শানিস্তা  
অপলক তাকায়  
বলে উঠে : "তুমি"  
আমি বলি : "আমি ,  
আমি এক প্রেমিক পুরুষ  
তোমাকে পাবার বাসনায়  
আজ তোমার দোরগোড়ায় ।"

এর পর ... ..

কিছুই নেই; আর কিছুই নেই  
না বোঝা; না দেখাই হয়ে রয়  
হয়ে যায় ভাবলেশহীন ।

জাভেদ আকতার  
প্রথমকবিতা@জিমেইল.কম ।